

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

নবনির্মিত ব্রাহ্মণবাড়ীয়া হতে নরসিংদী পর্যন্ত ৫৭ কিঃমিঃ ১৩২ কেভি সঞ্চালন লাইন আগামীকাল ২৭ সেপ্টেম্বর ২০১৮, বৃহস্পতিবার বিকাল ৪:০০ ঘটিকায় ১,৩২,০০০ (এক লক্ষ ত্রিশ হাজার) ভোল্টেজ দিয়ে চালু করা হবে। চালুর সময় হতে লাইনটি হাইভোল্টেজে বিদ্যুতায়িত থাকবে। নতুন লাইনটি ব্রাহ্মণবাড়ীয়া জেলার ব্রাহ্মণবাড়ীয়া সদর উপজেলার সদর পৌরসভা, রামরাইল ইউনিয়ন, নবীনগর উপজেলার নবীনগর পৌরসভা, নাটঘর, বিদ্যাকোট, শিবপুর, রসুল্লাবাদ, শ্রীরামপুর, শ্যামগ্রাম, সৌল্যকান্দি ও সলিমগঞ্জ ইউনিয়ন, বাঞ্চরামপুর উপজেলার পূর্বতেজখালী, পাহাড়িয়াকান্দি ও সোনারামপুর ইউনিয়ন এবং নরসিংদী জেলার নরসিংদী সদর উপজেলার সদর পৌরসভা, চরদিঘলদি, শ্রীনগর, করিমপুর, নজরপুর ও মহিষাসুরা ইউনিয়ন এবং তৎসংলগ্ন এলাকার উপর দিয়ে অতিক্রম করেছে।

দুর্ঘটনা এড়াতে জনসাধারণকে উক্ত সঞ্চালন লাইনের টাওয়ারে আরোহন, গবাদি পশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। একইসঙ্গে সকলকে ১৩২ কেভি লাইন ও টাওয়ার হতে নিরাপদ (লাইনের উভয় পার্শ্বে ১৫ মিটার) দূরত্বে থাকতে অনুরোধ করা হচ্ছে। কেউ বর্ষিত ১৩২ কেভি সঞ্চালন লাইন বা টাওয়ারের সংস্পর্শে এসে দুর্ঘটনার শিকার হলে সেজন্য “পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি)” দায়ী থাকবে না।

প্রকৌশলী মোঃ শফিউল্লাহ

প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)

১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট প্রকল্প, ঢাকা।